শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নংঃ শেকৃবি/প্রশাঃ/এন-০৮/২০২৫-১৬৫০ তারিখ: ২৫-০৫-২০২৫ খ্রিঃ

বিষয়ঃ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে 'Agent X–AI Prompting Training & Competition' কর্মসূচির আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় অংশগ্রহণ এবং সনদ প্রদান।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং NetCom Learning Bangladesh এর মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত সমঝোতা স্মারকের (MoU) আলোকে 'Agent X–AI Prompting Training & Competition' (Powered by Microsoft) কর্মসূচির আওতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় অংশগ্রহণ এবং সনদ প্রদান কার্যক্রম শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে আনুষ্ঠানিকভাবে চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কর্মসূচির বিস্তারিত নিম্নে আলোকপাত করা যাচ্ছে:

পটভূমি:

উক্ত কর্মসূচিতে বাংলাদেশের ৪৭ (সাতচল্লিশ) অধিক শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের মতো শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় যুক্ত হয়েছে। দেশের প্রায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার)-এর অধিক শিক্ষার্থী ইতোমধ্যে এই প্রোগ্রামে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে। কর্মসূচিটি Microsoft, AI CERTs, Grameenphone, bKash এবং Accelerating Bangladesh-এর সহযোগিতায় পরিচালিত হচ্ছে, যার লক্ষ্য হলো শিক্ষার্থীদের কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)-নির্ভর ভবিষ্যতমুখী দক্ষতায় প্রশিক্ষণ প্রদান। এই প্রশিক্ষণার্থীদের হাত ধরে বাংলাদেশের কৃষি, কৃষি অর্থনীতি ও ব্যবস্থাপনার আধুনিকায়নে AI যুগান্তকারী পরিবর্তন আনতে সক্ষম হবে বলে আমরা বিশ্বাস করি।

প্রশিক্ষণ ও সনদ:

সমঝোতা অনুযায়ী, এই মুহূর্তে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ৫০০ (পাঁচশত) জন শিক্ষার্থী এই কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবে। নিবন্ধিত শিক্ষার্থীবৃন্দ আন্তর্জাতিক স্বীকৃতিসম্পন্ন নিম্নবর্ণিত অনলাইন প্রশিক্ষণ ও সনদ পাবে:

- Microsoft Copilot Training & Certification (Microsoft থেকে)
- AI Prompt Engineering Certification (AI CERTs থেকে)
- AI Agent Development Training (NetCom Learning Global-এর মাধ্যমে, কৃষি-ভিত্তিক বিষয় সংক্রান্ত)

প্রশিক্ষণ পরবর্তী প্রতিযোগিতা:

প্রশিক্ষণের ৩(তিন)টি ধাপ সফলভাবে সম্পন্ন করার পর, শিক্ষার্থী/প্রশিক্ষণার্থীদের মধ্যে AI Agent তৈরির প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

শ্রেষ্ঠ ২০ জন প্রতিযোগী আকর্ষণীয় পুরস্কার ও গ্যাজেটের পাশাপাশি ইন্টার্নশিপ রিকমেন্ডেশন ও ক্যারিয়ার প্লেসমেন্ট এর সহায়তা ও পরামর্শ লাভ করবে।

মূল বৈশিষ্ট্য:

- কোনো কোডিং জ্ঞান প্রয়োজন নেই
- সকল বিভাগের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত
- ইন্টার্নশিপের সুযোগ
- আকর্ষণীয় পুরস্কার ও গ্যাজেট (Samsung ট্যাব, স্মার্টফোন, ড্রোন, স্মার্টওয়াচ, ইয়ারবাড ইত্যাদি)
- আন্তর্জাতিক মানের সনদ ও জাতীয় পর্যায়ে স্বীকৃতি

রেজিস্ট্রেশন প্রক্রিয়া ও ফি:

Agent X কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন ফি মাত্র ২৯৯ (দুইশত) টাকা যা বিকাশ এর মাধ্যমে পরিশোধ করা যাবে। এই রেজিস্ট্রেশন ফি প্রদানের মাধ্যমে শিক্ষার্থীরা উপরের সকল গ্লোবাল সার্টিফিকেশন, আন্তর্জাতিক প্রশিক্ষণ, প্রতিযোগিতা, পুরস্কার ও অন্যান্য সুযোগ-সুবিধা গ্রহণ করতে পারবে (সর্বোচ্চ ৫০০ জন)।

রেজিস্ট্রেশন করুন: https://shorturl.at/XHLSY

চলমান পাতা../২

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং: শেকৃবি/প্রশাঃ/এন-০৮/২০২৫-১৬৫০ তারিখ: ২৫-০৫-২০২৫ খ্রিঃ

স্বেচ্ছাসেবক নিয়োগ বিজ্ঞপ্তি:

Agent X কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল বিভাগ থেকে স্বেচ্ছাসেবক নিয়োগ আবেদন গ্রহণ করা হচ্ছে। আগ্রহী শিক্ষার্থীদেরকে দ্রুত যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

স্বেচ্ছাসেবকদের জন্য সুযোগসমূহ:

- অফিসিয়াল ওয়ার্ক এক্সপেরিয়েন্স সার্টিফিকেট
- ইন্টার্নশিপের সুযোগ (NetCom Learning ও পার্টনারদের সাথে)
- উদ্ভাবনী ইন্টার্নশিপ প্রোগ্রাম Accelerating Bangladesh-এর উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ

যোগাযোগ:

পরিচালক (ছাত্র-পরামর্শ ও নির্দেশনা)
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭

আরও জানতে ভিজিট করুন:

Agent X: www.agentxbd.com
NetCom Learning: www.netcomlearning.com
AI CERTs™: www.aicerts.ai
মোবাইল: +৮৮০১৩৩৫০৭৫৫৫১

প্রকাশক:

NetCom Learning Bangladesh
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায়

উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দকে উপর্যুক্ত পদ্ধতি/নির্দেশনাসমূহ অনুসরণ করার অনুরোধ জানানো যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার, শেকৃবি

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

১. ডিন (সকল) ...., শেকৃবি (শিক্ষার্থীদেরকে অবহিতকরণের অনুরোধসহ)।
২. পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী, শেকৃবি (শিক্ষার্থীদেরকে অবহিতকরণের অনুরোধসহ)।
৩. বিভাগীয় চেয়ারম্যান, ...বিভাগ, শেকৃবি (শিক্ষার্থীদেরকে অবহিতকরণের অনুরোধসহ)।
৪. গ্রন্থাগারিক, শেকৃবি।
৫. প্রভোস্ট ....হল, শেকৃবি (শিক্ষার্থীদেরকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬. প্রক্টর, শেকৃবি (বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে অবহিতকরণের অনুরোধসহ)।
৭. পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), শেকৃবি (অনুমোদিত সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
৮. পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৯. জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি (প্রচারের অনুরোধসহ)।
১০. ভিসি মহোদয়ের একান্ত সচিব/ডেপুটি রেজিস্ট্রার, ভিসি সচিবালয়, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. পিএ/পিএস-টু প্রো-ভিসি/ট্রেজারার/রেজিস্ট্রার, শেকৃবি (প্রো-ভিসি/ট্রেজারার মহোদয়/রেজিস্ট্রার এর সদয় অবগতির জন্য)।
১২. অফিস নথি।